



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশা/কক্সবাজার-৩৮/ ১৭৫

তারিখ: ১০ ফাল্গুন ১৪২৯
১৬ ফেব্রুয়ারি ২০২৩

বিষয়: অনুমোদিত ম্যানেজিং কমিটি বাতিলকরণ প্রসঙ্গে।


- সূত্র: ১) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের স্মারক নং-০৫.২০.২২৪৯.০০.৯৯.০০১.২২-৬৫২, তারিখ: ১৪/০৯/২০২২খ্রি.
 ২) বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের স্মারক নং-বামাশিবো/প্রশা/কক্সবাজার-৩৮/১৬৭; তারিখ: ০৩ জানুয়ারি ২০২৩
 ৩) নং-বামাশিবো/প্রশা/২২৪২১১০৬৩৫৮১/৬৬৭৮০/ নথি নং- তারিখ: ০৭/০৭/২০২২

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে, কক্সবাজার জেলার মহেশখালী উপজেলাধীন ধলঘাটা হোছাইনিয়া বদরুল উলুম দাখিল মাদ্রাসার অনুমোদিত ম্যানেজিং কমিটির বিরুদ্ধে ধলঘাটা ইউপি চেয়ারম্যান জনাব কামরুল হাসান উপজেলা নির্বাহী অফিসার, মহেশখালী, কক্সবাজার বরাবর অভিযোগ দাখিল করেন। অভিযোগের প্রেক্ষিতে উপজেলা নির্বাহী অফিসার সূত্রোক্ত স্মারকে তদন্ত করে প্রতিবেদন অত্র বোর্ডে প্রেরণ করেন। প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায়, বিগত ২৯/০৫/২০২২ তারিখে অনুষ্ঠিত সভাপতি নির্বাচন সংক্রান্ত সভায় প্রিজাইডিং অফিসার-কে অবগত করা হয়নি। মাদ্রাসা কর্তৃপক্ষ কর্তৃক তদন্তকারী কর্মকর্তার নিকট দাখিলকৃত সভার কার্যবিবরণীতে সভাপতি হিসেবে প্রিজাইডিং অফিসারের স্বাক্ষর নেই। ম্যানেজিং কমিটি নির্বাচন সংক্রান্ত উপজেলা কৃষি অফিসার ও প্রিজাইডিং অফিসারের নিকট জানতে চাওয়া হলে তিনি এই ধরণের কোন সভা হয়নি তথা তাঁকে জানানো হয়নি মর্মে তদন্তকারী কর্মকর্তাকে জানান। তদন্তকারী কর্মকর্তা নং-বামাশিবো/প্রশা/২২৪২১১০৬৩৫৮১/৬৬৭৮০/ নথি নং- তারিখ: ০৭/০৭/২০২২ স্মারকে অনুমোদনকৃত কমিটি বাতিলের জন্য সুপারিশ করেন।

নির্বাচন সংক্রান্ত অনিয়মের অভিযোগ প্রমাণিত হওয়ায় কেন ম্যানেজিং কমিটি ভেঙ্গে দেওয়া হবে না তার জবাব পত্র প্রাপ্তির ১০ (দশ) কার্য দিবসের মধ্যে প্রেরণের জন্য সূত্রোক্ত ২ নং স্মারকে মাদ্রাসা প্রধানকে কারণ দর্শানোর জন্য পত্র দেয়া হয়। অভিযুক্ত কমিটির ভেঙ্গে দিলে কোন আপত্তি নেই মর্মে মাদ্রাসার প্রধান তার জবাবে উল্লেখ করেন।

বর্ণিত অবস্থায়, তদন্তকারী কর্মকর্তার মতামত এবং মাদ্রাসা প্রধানের জবাবের আলোকে সূত্রোক্ত ৩ নং স্মারকে অনুমোদিত ম্যানেজিং কমিটি বাতিল করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে



মোঃ সিদ্দিকুর রহমান

রেজিস্ট্রার

ফোন: ৯৬১২৮৫৮

ই-মেইল: registrar@bmeb.gov.bd

সুপার/ভারপ্রাপ্ত সুপার

ধলঘাটা হোছাইনিয়া বদরুল উলুম দাখিল মাদ্রাসা


ডাকঘর: ধলঘাটা, মহেশখালী, কক্সবাজার।

নং-বামাশিবো/প্রশা/কক্সবাজার-৩৮/

তারিখ: ফাল্গুন ১৪২৯
ফেব্রুয়ারি ২০২৩

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রশাসক, কক্সবাজার;
২. উপজেলা নির্বাহী অফিসার, মহেশখালী, কক্সবাজার;
৩. জেলা শিক্ষা অফিসার, কক্সবাজার;
৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মহেশখালী, কক্সবাজার;
৫. পি ও টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৬. অফিস কপি।



মোঃ ওমর ফারুক

উপ রেজিস্ট্রার (প্রশাসন)

ফোন: ৯৬৭৪৮৭৪

ই-মেইল: dradmin@bmeb.gov.bd